



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ৩ জুলাই ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

গুইমারার গোঁয়েইছড়িতে বোরকা পার্টির সন্ত্রাসী কর্তৃক এক ব্যক্তিকে গুলি করে হত্যা

ইউপিডিএফ-এর নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির জেলার নবগঠিত গুইমারা উপজেলার সিন্দুকুছড়ি ইউনিয়নের গোঁয়েইছড়িতে সেনা মদদপুষ্ট বোরকা পার্টির সন্ত্রাসীরা জ্যোতি বিকাশ চাকমা (৩৫) নামে এক ব্যক্তিকে গুলি করে হত্যা করেছে। গতকাল ২ জুলাই বুধবার রাতে এ ঘটনা ঘটে।

নিহত জ্যোতি বিকাশ চাকমা গোঁয়েইছড়ি গ্রামের মৃত সূর্য চাকমার ছেলে। তিনি ভাড়ায় মোটর সাইকেল চালিয়ে জীবিকা নির্বাহ করেন।

জানা যায়, বুধবার রাত সাড়ে ১১টার দিকে ৭/৮ জনের একদল বোরকা পার্টির সশস্ত্র সন্ত্রাসী গোঁয়েইছড়ি গ্রামের জ্যোতি বিকাশ চাকমার বাড়িতে গিয়ে ইউপিডিএফ কর্মীদের খোঁজ করে। এ সময় তিনি ইউপিডিএফ'র লোকজন নেই বলে উত্তর দিলে সাথে সাথে সন্ত্রাসীরা তার উপর গুলি ছোঁড়ে। এতে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। তাকে হত্যার পর সন্ত্রাসীরা পালিয়ে যায়।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, বোরকা পার্টির সন্ত্রাসীরা দীর্ঘদিন ধরে খুন, অপহরণ সহ নানা অপকর্ম চালিয়ে গেলেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপই গ্রহণ করছে না। যার ফলে সন্ত্রাসীরা এ ধরনের ঘটনা সংঘটিত করার সাহস পাচ্ছে।

তিনি অবিলম্বে বোরকা পার্টির সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি ও তাদের সেনা মদদদান বন্ধ করার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ